

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪০৯.১৯.৩০

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

বিষয়: সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর ইউসিসিএ লি. এর জনবল নিয়োগের অনুমোদন সংক্রান্ত।।

সূত্র: উপপরিচালক, সিরাজগঞ্জ এর পত্র নং ৪০৪, তারিখঃ ০৪/০৪/২০১৯খ্রি.।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর ইউসিসিএ লিঃ এর জনবল নিয়োগ প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বর্ণিত শর্তাধীনে মহাপরিচালক, বিআরডিবি কর্তৃক ০১ (এক) জন অফিস সহায়ক নিয়োগের অনুমোদন প্রদান করা হয়েছেঃ

শর্তাবলী

- ১) নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ'র কর্মচারীদের জন্য অফিস সহায়ক পদের নির্ধারিত বেতন স্কেলে (২০তম গ্রেড) বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য এবং ইতঃপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারক মূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন-ভাতাদি পরিশোধ করতে হবে।
- ২) এ অনুমোদনের ফলে নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্তি কিংবা বিআরডিবি'র চাকরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ৩) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৬.০০.০৫.০৬.৬৮৬, তারিখঃ ১৬/০১/২০১৯খ্রি. মূলে জারিকৃত ইউসিসিএ কর্মচারীদের মডেল প্রবিধানমালা/ ২০১৮ এর সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ সম্পন্ন করতে হবে এবং নিয়োগপ্রাপ্ত জনবলের তালিকা সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৪) নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি স্থানীয় দৈনিকে প্রকাশসহ ব্যাপক প্রচার করতে হবে এবং বিজ্ঞপ্তির ছায়ালিপি সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫) এ অনুমোদন ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।



১৫-৫-২০১৯

মোঃ মাহমুদুল হোসাইন খান

পরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫০৭.১১.৪০৯.১৯.৩০/১(২)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৬

১২ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল।

১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।



১৫-৫-২০১৯

সুকুমার চন্দ্র দাস

যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)